

দৈনিক বাতাস

তারিখ 21 MAR 1989  
পৃষ্ঠা: ... 5 ...



008

২৭

### ডাকসুর অভিষেক

(স্টাফ রিপোর্টার)  
ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) অভিষেক গতকাল বিকালে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মাঠে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন কবি সফিয়া কামাল।

নির্ধারিত সময়ের দুই বন্টা আট মিনিট পরে অনুষ্ঠান শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ও ডাকসুর সভাপতি প্রফেসর আবদুল মান্নান অনুষ্ঠানস্থলে প্রবেশের সময় জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীরা তাকে কালো পতাকা দেখায় এবং তাঁর পদত্যাগ দাবী করে স্লোগান দেয়। ভিসি কতক শপথ গ্রহণ পরিচালনা ও সভাপতির বক্তব্য প্রদানের সময়ও বিক্ষোভ প্রদর্শন করা হয়।

প্রধান অতিথির ভাষণে কবি সফিয়া কামাল ডাকসু নির্বাচন (৩-এর পঃ দফা)

### ডাকসুর অভিষেক

(১-এর পঃ পর)  
প্রসঙ্গে বলেন, আমরা জেবোছিলাম এবার শেষ ও কলুষের অবসান হল। কিন্তু বেদনার বিষয় তা হয়নি।

তিনি বলেন, আমাকে কালো পতাকা দিয়ে অভ্যর্থনা জানানো হল। আশা করি এরপর স্বেত পতাকা দেখানো হবে। এই সময় গণ্ডের সামনে মাঠে কালো পতাকা হাতে উপবিষ্ট ছাত্রদল কর্মীরা প্রতিবাদ করে বলেন যে, কালো পতাকা তাকে (সফিয়া কামালকে) দেখানো হয়নি।

অনুষ্ঠানে সভাপতির ভাষণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবাধ সূত্র ও নিরপেক্ষ নির্বাচনের মাফল্য এক নতুন সামাজিক জীবনের ইঙ্গিত দিয়েছে। ইতিমধ্যেই

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণতন্ত্রের এই সফলতা বিভিন্ন বিশ্ববিদ্যালয় শিক্ষাপ্রতিষ্ঠানে ইতিবাচক প্রতিক্রিয়া ঘটতে শুরু করেছে। অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন ডাকসুর ভারপ্রাপ্ত কোষাধ্যক্ষ প্রফেসর আবদুল মমিন চৌধুরী, ডাকসুর সহ-সভাপতি জনাব সুলতান মোহাম্মদ মনসুর আহমদ ও সাধা রণ সম্পাদক জনাব মশতাক হোসেন।

ডাকসুর ভিপি সুলতান মোহাম্মদ মনসুর আহমদ বলেন, নিসীম আবারে আমরা পঞ্চ হাতড়ে ফিরাছিলাম ১০ বছর ধরে। আমাদের মেয়াদচক্র আকাশে অবশেষে আলোর রূপোলি রেখার আভা ফুটে উঠেছে।

ডাকসুর সাধারণ সম্পাদক মশতাক হোসেন বলেন, বিশ্বজনীনভাবে স্বীকৃত বিশ্ববিদ্যালয় ধার

ণাকে পূর্ণতা ও সফলতা দিতে হলে রাষ্ট্রীয়ভাবে সকল মৌলিক মানবাধিকার নিশ্চিত করতে হবে। রাজনীতিতে সামরিকতন্ত্র ও আমলাতন্ত্রের জনপ্রবেশ বন্ধ করতে হবে।

অভিষেক শুরু হয় গণসঙ্গীত দিয়ে। আলোচনার পর ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। অভিষেক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা, কর্মচারী এবং বিপুল সহিংসক ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন।